

## দাবি আদায়ে অনড় আন্দোলনরত ছাত্ররা পটুয়াখালী পলিটেকনিকে অচলাবস্থা

পটুয়াখালী প্রতিনিধি : পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্ররা তাদের ছয় দফা দাবি আদায়ের জন্য ক্যাম্পাসে মিছিল, সমাবেশ ও অবস্থান ধর্মঘট পালন অব্যাহত রেখেছে। উত্তেজিত ছাত্ররা আন্দোলনের প্রথম দিনে অধ্যক্ষের কক্ষে হামলা ও ডাঙরুর করেছে। উদ্ভূত পরিস্থিতিতে কর্তৃপক্ষ কলেজের নির্ধারিত মিড পর্বের পরীক্ষা স্থগিত করেছে। ক্যাম্পাসে ব্যাপক দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়েছে। একাডেমিক কাউন্সিল আন্দোলনরত ছাত্রদের সঙ্গে একাধিবার বৈঠক করেও সমঝোতায় পৌঁছাতে পারেনি।

জানা গেছে, গত ৮ সেপ্টেম্বর পলিটেকনিক ইনস্টিটিউটের একমন্ড ছাত্র তাদের পূর্বের ঘোষিত দাবিসমূহ অধ্যক্ষ মেনে নিতে টালবাহানা করলে তারা ক্যাম্পাসে বিক্ষোভ করে। তারা প্রশাসনিক ভবনের প্রধান ফটকে তালা ফুলিয়ে দেয় ও অধ্যক্ষের কক্ষে হামলা চালায়। এতে ইনস্টিটিউটের জ্ঞানালার ঘাসের ব্যাপক ক্ষতি হয়। এক পর্যায়ে সদর সার্কেল এএসপি'র নেতৃত্বে একদল পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ওই পুলিশ কর্মকর্তা আন্দোলনরত ছাত্রদের সঙ্গে অধ্যক্ষের বৈঠকে বসার ব্যবস্থা করেন। ওইদিন রাত ১টা পর্যন্ত দফায় দফায় বৈঠক হলেও কোনো সুরাহা হয়নি।

ছাত্রদের দাবির মধ্যে রয়েছে দ্বিতীয়, চতুর্থ ও ষষ্ঠ পর্বের মধ্যবর্তী পরীক্ষা পিছানো, কোর্চিং করার নামে ১ হাজার করে টাকা নিয়ে কোর্চিং শুরু না করার ওই টাকা ফেরত দেওয়া, ভিপ্রোমা ভর্তি পরীক্ষায় পাস করানোর কথা বলে দেওয়া টাকা ফেরত দেওয়া, বাকসপ নেতৃত্বকে পরীক্ষার হল সমূহে প্রবেশ করতে দেওয়া ও ক্যাম্পাস থেকে পুলিশ সরিয়ে নেওয়া। পর দিনও ক্যাম্পাসে দাবি আদায়ের লক্ষ্যে ছাত্ররা বিক্ষোভ করেছে।

এদিকে ১০ তারিখের 'মিড পর্বের' পরীক্ষা ১৪ সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত করা হয়েছে। বৃধবারেও আন্দোলনকারীরা মিছিল ও প্রশাসনিক ভবনের সামনে অবস্থান ধর্মঘট পালন করে। এএসপি সার্কেল স্থানীয় ছাত্র নেতৃত্বকে সমঝোতার জন্য দায়িত্ব দিয়েছে। ছাত্ররা তাদের দাবি আদায়ে অনড় রয়েছে বলে জানা গেছে।

অধ্যক্ষ খান রেজাউল করিম জানান, ছাত্রদের দাবিগুলো অযৌক্তিক ও ভিত্তিহীন। তারা ভর্তি পরীক্ষার হলে প্রবেশে বাধা পেয়ে উদ্বেগ প্রকাশিত হয়ে এ আন্দোলন করেছে। তিনি কষ্টে হামলার কথা স্বীকার করে বলেন, বর্তমানে পরিস্থিতি উদ্বেগজনক। এ ব্যাপারে যথারীতি বোর্ড চেয়ারম্যান ও জেলা প্রশাসনকে জানানো হচ্ছে।